

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৯১.১৩. ০২৭

তারিখ: ৩০ জানুয়ারি ২০২৪ খ্রি:

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসেবে আপনি দায়িত্বাধীন রয়েছেন। প্রকল্প দপ্তর হতে সরবরাহকৃত কর্পোরেট সিম ট্র্যাকিং করে দেখা যায় যে, আপনি যথাসময়ে অফিসে উপস্থিত থাকেন না এবং মাঠ পর্যায়ে নিয়মিত সমিতি/সদস্যদের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন না। আপনি নিয়মিত অফিসে অবস্থান না করে অধিকাংশ সময় বাসায় অবস্থান করেন এবং উপজেলা চত্বরে ঘুরাফেরা করেন। বিভিন্ন সময় আপনার কর্পোরেট সিম বন্ধ পাওয়া যায়। সদর দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২৯৩ তারিখ: ১০/০৮/২০২৩ মূলে এআরডিওদের প্রতি মাসে কমপক্ষে ৬টি (ছয়) সমিতি/দল পরিদর্শনপূর্বক with data-সহ wcs/mcs এ উল্লিখিত প্রত্যেক সদস্যের সঞ্চয় ও ঋণের অর্থ সঠিকভাবে যাচাই করার নির্দেশনা রয়েছে। বিগত ০১/০১/২০২৪ হতে ২৮/০১/২০২৪ তারিখ পর্যন্ত ২৮ দিনে মাত্র ১দিন অর্থাৎ ১৪/০১/২০২৪ তারিখে সমিতিতে গমন করেছেন। উপজেলায় ঋণ বিতরণ ও আদায় এবং কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়সহ অন্যান্য কার্যক্রম ব্যাহত হচ্ছে। আপনার এ ধরনের কার্যক্রমের ফলে অত্র উপজেলায় ইরেসপো-২য় পর্যায় প্রকল্প ও কর্মসূচির ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হচ্ছে এবং সুফলভোগী সদস্যরা তাদের কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে। আপনার এ ধরনের কার্যক্রম কর্তব্যকাজে অবহেলা, গাফেলতি, অযোগ্যতা ও অদক্ষতা এবং কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করার সামিল।

এমতাবস্থায়, নিয়মিত সমিতি পরিদর্শন না করা, মোবাইল ফোন বন্ধ রাখা, কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের অর্থ আদায়ে ব্যর্থতা এবং কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করার কারণে কেন আপনার বেতন-ভাতা স্থগিতসহ গুরুদণ্ড প্রদানের উদ্যোগ নেয়া হবে না তার জবাব আগামী ০৮/০২/২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য বলা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক

জনাব অনুপ কুমার লস্কর  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)  
বিআরডিবি, দাকোপ, খুলনা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: খুলনা
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. পরিচালক (সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস নথি।